রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১২, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

**(মূল্য সংযোজন কর)**

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং/ ১২ই জুন, ১৯৯৭ ইং

এস,আর,ও, নং-১৩৩ -আইন/৯৭/১৫০-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর-

(ক) দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘঘ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(ঘঘ) "প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি" অর্থ এমন কোন নিবন্ধিত ব্যক্তি যিনি নিম্নবর্ণিত শর্তাদি পূরণ করেন এবং সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক তাহা সন্তোষজনক বলিয়া প্রতীয়মান হয়, যথাঃ-

(অ) প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি হিসাবে বিবেচিত হওয়ার বৎসরে উক্ত ব্যক্তি তৎপূর্ববর্তী বৎসরের তুলনায় অন্যূন ২০% অধিক হারে কর প্রদানে কমিশনারের নিকট অঙ্গীকারাবদ্ধ হন এবং পূর্ববর্তী তিন বৎসরে তাঁহার কর প্রদান সন্তোষজনক বলিয়া কমিশনারের নিকট প্রতীয়মান হয় এবং উক্ত সময়ের প্রতি বৎসরে তাঁহার কর বৃদ্ধির হার ২০% বা উহারও অধিক;



মূল্য : টাকা ১২.০০

(আ) তাঁহার বিরুদ্ধে কোন অনিয়ম বা আটক মামলা কখনও রুজু হয় নাই;

(ই) তিনি যথাসময়ে ও যথানিয়মে দাখিলপত্র পেশ করেন;

(ঈ) তিনি কর সংক্রান্ত রেজিষ্টার ও নথিপত্র যথাযথভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করেন ;

(উ) তিনি কর সংক্রান্ত আইনকানুন ও নিয়ম-পদ্ধতি প্রতিপালনসহ মূসক কার্যালয় কর্তৃক কাঙ্খিত তথ্য ও জবাব সঠিকভাবে প্রদান করেন ;" ;

(খ) দফা (চ) এর পর নিম্নরূপ দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

"(চচ) "বণ্ডেড ওয়্যার হাউস" এবং "স্পেশাল বণ্ডেড ওয়্যার হাউস" অর্থ Customs Act , 1969 (IV of 1969) এর Chapter XI এ বর্ণিত, যথাক্রমে, bonded warehouse এবং Special bonded warehouse ;" ;

(২) বিধি ৩ এর –

(ক) উপ-বিধি (৩) এর শেষ প্রান্তস্থিত দাঁড়িটির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথাঃ-

"তবে শর্ত থাকে যে, বিভাগীয় কর্মকর্তা মূল্য ঘোষণা প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে উল্লিখিত কার্যক্রম সম্পন্ন করিতে ব্যর্থ হইলে ঘোষিত মূল্য বিষয়ে তাঁহার কোন আপত্তি নাই বলিয়া গণ্য হইবে। " ;

(খ) উপ-বিধি (৭) এর "স্বতঃপ্রবৃত্ত হইয়া" শব্দগুলির পর "বা বিভাগীয় কর্মকর্তার অনুরোধক্রমে" শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ–

"তবে শর্ত থাকে যে, নিবন্ধিত ব্যক্তির আবেদনের ক্ষেত্রে, আবেদন প্রাপ্তির তারিখ হইতে দশ কার্যদিবসের মধ্যে কমিশনার উক্ত আবেদনের উপর সিদ্ধান্ত প্রদান করিতে ব্যর্থ হইলে তিনি আবেদনটি মঞ্জুর করিয়াছেন বলিয়া গণ্য হইবে ঃ

আরও শর্ত থাকে যে, স্বতঃপ্রবৃত্ত হইয়া বা বিভাগীয় কর্মকর্তার অনুরোধক্রমে মূল্য ভিত্তি স্থির করার ক্ষেত্রে, কমিশনার কোন পণ্য বা পণ্যশ্রেণীর মূল্য বিষয়ে সুপারিশ প্রদানের জন্য, বোর্ড কর্তৃক আদেশ দ্বারা গঠিত, মূল্যভিত্তি পর্যালোচনা কমিটিকে অনুরোধ করিতে পারিবেন। " ;

(৩) বিধি ৪ এর–

(ক) উপ-বিধি (১) এর "দুই শতাংশ" শব্দগুলির পরিবর্তে "চার শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (২ক) সন্নিবেশিত হইবে, যথাঃ-

" (২ক) উপ-বিধি (২) এর অধীন তালিকাভুক্তির তারিখ হইতে পরবর্তী প্রত্যেক বৎসরের প্রথম ত্রিশ দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তার নিকট উক্ত বৎসরের প্রাক্কলিত টার্ণওভারের পরিমাণ এবং কর প্রদান পদ্ধতি সংক্রান্ত একটি ঘোষণা (প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ) ফরম "মূসক-২খ" এ প্রদান করিতে হইবে। উক্ত ঘোষণায় বর্ণিত তথ্যাদি বিভাগীয় কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে তিনি পরবর্তী ত্রিশ কার্যদিবসের মধ্যে উহা অনুমোদন পূর্বক একটি অনুলিপি তালিকাভুক্ত ব্যক্তির নিকট প্রেরণ করিবেন। " ;

(গ) উপ-বিধি (৬) এর "দুই শতাংশ" শব্দগুলির পরিবর্তে "চার শতাংশ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৪) বিধি ২২ এর উপ-বিধি (১) এর –

(ক) দফা (ক) ও (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) ও (খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

"(ক) ক্রয় হিসাব পুস্তক।- এই পুস্তকে করযোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবার ক্রয়-সংশ্লিষ্ট তথ্যাবলী ফরম "মূসক-১৬" এ লিপিবদ্ধ করিতে হইবে ;

(খ) বিক্রয় হিসাব পুস্তক।- এই পুস্তকে কর যোগ্য ও অব্যাহতিপ্রাপ্ত পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা উক্তরূপ পণ্য বা সেবা রপ্তানি-সংশ্লিষ্ট তথ্যাবলী ফরম "মূসক-১৭" এ লিপিবদ্ধ করিতে হইবে ;" ;

(খ) দফা (ঘ) এ " '১৪-মূল্য সংযোজন কর' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি ও সংখ্যার পরিবর্তে "মূল্য সংযোজন করের ক্ষেত্রে, '১৪-ক-মূল্য সংযোজন কর' এবং সম্পূরক শুল্কের ক্ষেত্রে, ' ১৪-খ-সম্পূরক শুল্ক' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি, কমাগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(ঙ) বাণিজ্যিক দলিল সংরক্ষণ সুবিধা।- যদি কমিশনার এই মর্মে নিশ্চিত হন যে মূসক সংক্রান্ত রেজিষ্টারসমূহ যে উদ্দেশ্যে সংরক্ষণ করা হয়, কোন প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সংরক্ষণযোগ্য বাণিজ্যিক দলিলাদি সেই উদ্দেশ্য সম্পূর্ণরূপে পূরণ করে তাহা হইলে তিনি উক্ত প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সংরক্ষণযোগ্য বাণিজ্যিক দলিলাদি মূসক রেজিষ্টার হিসাবে পরিগনিত হইবে বলিয়া ঘোষণা প্রদান পূর্বক দফা (ক) হইতে (ঘ) এ উল্লিখিত পুস্তকসমূহ উক্তরূপ ব্যক্তি কর্তৃক পৃথকভাবে সংরক্ষণের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি দিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্ত প্রতিষ্ঠিত নিবন্ধিত ব্যক্তিকে তাহার উপকরণ, পণ্য প্রস্তুত, মজুদ, সরবরাহ বা সেবা প্রদান সংক্রান্ত সকল বাণিজ্যিক দলিল আইনের ধারা ৩৩ এ উল্লিখিত সময়ব্যাপী যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।" ;

(ঘ) দফা (চ) বিলুপ্ত হইবে ;

(৫) বিধি ২৩ এর উপ-বিধি (১) এ " '১৪-ক-মূল্য সংযোজন কর' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি ও সংখ্যার পরিবর্তে "মূল্য সংযোজন করের ক্ষেত্রে, '১৪-ক-মূল্য সংযোজন কর' এবং সম্পূরক শুল্কের ক্ষেত্রে, '১৪-খ-সম্পূরক শুল্ক' খাতে" শব্দগুলি, ইনভার্টেড কমাগুলি, কমাগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ৩২ এর-

(ক) উপ-বিধি (৫) এ –

(অ) " শুল্ক কর্তৃপক্ষ ", যে যে স্থানে উল্লিখিত, শব্দগুলির পর, সেই সেই স্থানে, " অথবা অন্য কোন অনুমোদিত প্রতিষ্ঠান " শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(আ) " বণ্ড বা স্পেশাল বণ্ড " শব্দগুলির পরিবর্তে " বণ্ডেড ওয়্যার হাউস বা স্পেশাল বণ্ডেড ওয়্যার হাউস " শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ই) " (ইউপি) ", যে যে স্থানে উল্লিখিত, শব্দ ও বন্ধনীগুলির পর, সেই সেই স্থানে, " অথবা ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) " শব্দগুলি ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) উপ-বিধি (৭) এ " বণ্ডে বা স্পেশাল বণ্ডে " শব্দগুলির পরিবর্তে "বণ্ডেড ওয়্যার হাউস বা স্পেশাল বণ্ডেড ওয়্যার হাউস" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৭) বিধি ৩৪ এর পর নিম্নরূপ নূতন বিধি ৩৪ক সন্নিবেশিত হইবে, যথাঃ-

"**৩৪ক। রিফান্ড (Refund) প্রদান**।- (১) আইনের ধারা ৬৭ অনুযায়ী অসাবধানতাবশতঃ, ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে বা অন্য কোন কারণে পরিশোধিত বা অধিক পরিশোধিত বলিয়া দাবীকৃত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বা টার্ণওভার করের রিফান্ড দাবীর ক্ষেত্রে আবেদনকারীকে উক্ত কর পরিশোধের চার মাসের মধ্যে ফরম টি আর-৪১ এ তিন প্রস্থে একটি রিফান্ড দাবী সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বা শুল্ক ভবনের কমিশনার বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(২) বিভাগীয় কর্মকর্তা বা শুল্ক ভবনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত রিফান্ড দাবীর যথার্থতা সম্পর্কে এবং দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে ট্রেজারীতে জমা হইয়াছে কিনা উহা যাচাই পূর্বক উহার সত্যতা সম্পর্কে নিশ্চিত হইয়া রিফান্ড দাবীটি অনুমোদন করিতে পারিবেন। রিফান্ড অনুমোদনকারী কর্মকর্তা অতঃপর উক্ত রিফান্ড বিল প্রাক-নিরীক্ষার উদ্দেশ্যে কমিশনারের কার্যালয়ে বা শুল্ক ভবনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন। প্রাক-নিরীক্ষায় বিলটি যথাযথ বিবেচিত হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা উহা প্রতিস্বাক্ষর পূর্বক বিলের এক প্রস্থ অফিস রেকর্ডের জন্য সংরক্ষণ করিয়া এক প্রস্থ সংশ্লিষ্ট জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা বা প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট এবং এক প্রস্থ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৩) অনুমোদিত রিফান্ড বিলের যথাযথ হিসাব সংরক্ষণের উদ্দেশ্যে অনুমোদনকারী কর্মকর্তার অধীন সংশ্লিষ্ট শাখা এতদ্‌বিষয়ে একটি রেজিষ্টার সংরক্ষণ করিবে।

(৪) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় পর্যায়ে যে ক্ষেত্রে রিফান্ড দাবীকৃত অর্থ সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক উপকরণ কর রেয়াতের বিপরীতে সমন্বয়ের বিধান ও সুযোগ রহিয়াছে সেই ক্ষেত্রে উক্তরূপ রিফান্ড দাবী অনুমোদনযোগ্য হইবে না।

(৫) এই বিধির অধীন রিফান্ড কার্যক্রমের ক্ষেত্রে বাংলাদেশ ট্রেজারী রুল্‌স্ এর সংশ্লিষ্ট বিধি প্রযোজ্য হইবে।";

(৮) বিধি ৩৫ এর "পঁচিশ হাজার" শব্দগুলির পরিবর্তে "অনধিক পঁচিশ হাজার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৯) ফরম " মূসক-২ " এর-

(ক) প্রথম বক্সের ক্রমিক নং ৬ এর দফা (খ) এর পর নিম্নরূপ দফা (গ) সংযোজিত হইবে, যথাঃ-

" (গ) মাসিক প্রদেয় করের পরিমাণ "

(খ) তৃতীয় বক্সের ক্রমিক নং ২ এর প্রান্তস্থিত দাঁড়ির পর নিম্নরূপ শব্দগুলি, সংখ্যা, বন্ধনীগুলি ও দাঁড়ি সংযোজিত হইবে, যথাঃ–

" মাসিক ভিত্তিতে কর প্রদান করিতে চাহিলে তাহাকে ৬(গ) তে টিক চিহ্ন দিতে হইবে। " ;

(১০) ফরম "মূসক-২ক" এর পর নিম্নরূপ নূতন ফরম "মূসক-২খ" সন্নিবেশিত হইবে, যথাঃ-

মূসক-২খ

" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

# টার্ণওভার সংক্রান্ত বার্ষিক ঘোষণা

[বিধি ৪(২ক) দ্রষ্টব্য]

(প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ দাখিলযোগ্য)

(১) আবেনকারীর নামঃ

(২) প্রতিষ্ঠানের নামঃ

(৩) পূর্ণ ব্যবসায়িক ঠিকানাঃ
(টেলিফোন নম্বর সহ)

(৪) আবেদনকারীর স্থায়ী ঠিকানা
(টেলিফোন নম্বর সহ)

(৫) টার্ণওভার তালিকাভুক্তির সংখ্যাঃ

(৬) কার্যক্রমের কোডঃ

(৭) এলাকা কোডঃ

(৮) তালিকাভুক্তির তারিখঃ

(৯) বর্তমান বৎসর (         ) এর টার্ণওভার (প্রাক্কলিত)ঃ

(১০) পূর্ববর্তী বৎসরের ঘোষিত টার্ণওভারঃ

(১১) পূর্ববর্তী বৎসরের প্রকৃত টার্ণওভারঃ

(১২) টার্ণওভার কর কমিশন কর্তৃক নির্ধারিত টার্ণওভার (প্রযোজ্যক্ষেত্রে)ঃ

(১৩) পূর্ববর্তী বৎসরের প্রদত্ত করের পরিমাণঃ

(১৪) নির্বাচিত কর প্রদান পদ্ধতি ঃ (যে কোন একটিতে (√) চিহ্ন দিতে হইবে

(ক) বার্ষিক এককালীন ☐ ত্রৈমাসিক ☐ মাসিক ☐

(খ) প্রদেয় করের পরিমাণঃ

(১৫) টি আই এন (যদি থাকে) ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐

**আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য ও নির্ভুল।**

..........................

তাং ...................... আবেদনকারীর স্বাক্ষর

[বিভাগীয় কার্যালয় পূরণ করিবে]

প্রদত্ত ঘোষণায় কোন আপত্তি নাই বিধায় প্রথম অনুলিপি গৃহীত হইল এবং দ্বিতীয় অনুলিপি তালিকাভুক্ত ব্যক্তিকে ফেরৎ প্রদান করা করা হইল।

বিভাগীয় কর্মকর্তা "

(১১) ফরম "মূসক-৩" এর নির্দেশাবলীর ক্রমিক নং ১ এর "দুই শতাংশ" শব্দ গুলির পরিবর্তে "চার শতাংশ" শব্দ গুলি প্রতিস্থাপিত হইবে ;

(১২) ফরম "মূসক-৪" এর পরিবর্তে নিম্নরূপ ফরম " মূসক-৪ " প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

মূসক-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

**টার্ণওভার কর দাখিলপত্র**
[বিধি ৪(৪) ও (৫) দ্রষ্টব্য]

করদাতা পূরণ করিবেন

| দাখিলপত্রের মেয়াদ | | | | | করদাতার তালিকাভুক্তি সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| মাস | বৎসর | হইতে | মাস | বৎসর | এলাকা কোড | |
| | | | | | কার্যক্রম কোড | |
| নাম ঃ | | | | | টেলিফোন নম্বর | |
| ঠিকানাঃ | | | | | | |

১। কর মেয়াদ
(ক) বার্ষিক ☐
(খ) ত্রৈমাসিক ☐
(গ) মাসিক ☐

২। বিভাগীয় কর্মকর্তা / টার্ণওভার কর নির্ধারন কমিশন কর্তৃক নির্ধারিত প্রদেয় বার্ষিক করের পরিমাণ ঃ ..............................................

৩। কর মেয়াদে মোট বিক্রয় ঃ
৪। কর মেয়াদে মোট প্রদেয় কর ঃ
৫। অর্থদন্ড / অতিরিক্ত করের পরিমাণ ঃ
৬। মোট পরিশোধযোগ্য অর্থের পরিমাণ (৪+৫) ঃ
৭। ট্রেজারীতে জমাকৃত অর্থের পরিমাণ ঃ

সংযোজনী
৮। ট্রেজারী চালান ঃ (ক) নং-..................
(খ) তাং-.............................. (গ) টাকার পরিমাণ ...............

আমি ঘোষণা করিতেছি যে, এই দাখিলপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও নির্ভুল।

তারিখ ঃ .............................

..............................
করদাতার স্বাক্ষর

বিভাগীয় কার্যালয়ের ব্যবহারের জন্য

১। দাখিলপত্রের কোন বিষয়ে আপত্তি নাই ☐

২। দাখিলপত্রের নিম্নলিখিত বিষয়ে আপত্তি আছে

| ক্রমিক সংখ্যা | আপত্তি | পুনঃ নির্ধারন |
|---|---|---|
| | | |
| | | |

৩। যথা সময়ে দাখিলপত্র দাখিল না করায় অর্থদন্ড/ অতিরিক্ত কর ...................... টাকা।

৪। পূর্ববর্তী..... টি দাখিলপত্র পরীক্ষা করা হইল, ....... টি দাখিলপত্রে মোট বিক্রয় ........ টাকা।

৫। পুনঃ নির্ধারিত বিষয়সমূহ করদাতাকে জানানো হইয়াছে।

.............................
তারিখঃ বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর
নাম ঃ

করদাতার জন্য নির্দেশাবলী ঃ

১। করদাতা তাহার নাম, ঠিকানা, তালিকাভুক্তির সংখ্যা, এলাকা কোড, বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তির প্রত্যয়নপত্রের ভিত্তিতে সঠিকভাবে পূরণ করিবেন।

২। বক্স ২ এর ক্রমিক নং (১) এর "কর মেয়াদ" বলিতে তালিকাভুক্তির মাস হইতে পরবর্তী এক মাসের বা তিন মাসের বা এক বৎসরের মেয়াদকে বুঝাইবে। তালিকাভুক্তির আবেদনপত্রে কর দাতা টার্ণওভার কর পরিশোধের জন্য যে পদ্ধতি নির্বাচন করিয়াছেন উক্ত পদ্ধতির বিপরীত ঘরে ☐√ চিহ্ন দিতে হইবে।

৩। বক্স ৩ এর ক্রমিক নং (৩) এর "কর মেয়াদে মোট বিক্রয়" অর্থ যে মেয়াদের জন্য দাখিলপত্র প্রদান করা হইয়াছে উক্ত মেয়াদের প্রকৃত বিক্রয়ের পরিমাণ যাহা টাকায় উল্লেখ করিতে হইবে।

৪। বক্স ৪ এর ক্রমিক নং (৮) এ (সংযোজনী) ট্রেজারী চালানের মাধ্যমে কর মেয়াদের প্রদেয় কর পরিশোধ করা হইয়াছে উহার নম্বর, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করিতে হইবে এবং চালানের মূলকপি দাখিলপত্রের সঙ্গে সংযোজন করিতে হইবে।

(১৩) ফরম " মূসক-৬ " এর পর নিম্নরূপ নির্দেশিকা সংযুক্ত হইবে, যথাঃ

## " ফরম " মূসক-৬ " পূরণের নির্দেশিকা

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| 1. | NAME OF THE FIRM | ব্যবসায় প্রতিষ্ঠানের পূর্ণ নাম লিখিতে হইবে। |
| 2. A. | COMPLETE BUSINESS ADDRESS | যে স্থানে করযোগ্য কার্যক্রম তথা ব্যবসায় পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ী বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্টকোড উল্লেখ করিতে হইবে। |
| B. | PERMANENT ADDRESS | যদি প্রতিষ্ঠানটি একক মালিকানাধীন হয় তবে করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা ব্যবসায়ীর স্থায়ী ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায় গ্রুপ হইয়া থাকে, তাহা হইলে প্রতিষ্ঠানটির মূল তথা রেজিস্টার্ড অফিসের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। |
| 3. | TYPE OF ORGANISATION<br><br>CORPORATE/ GROUP / SINGLE | প্রতিষ্ঠানের ধরণ উল্লেখ করিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায়িক গ্রুপ হইয়া থাকে তাহা হইলে প্রযোজ্য বক্সে টিক (√) চিহ্ন দিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ না হইয়া একক মালিকানাধীন হয় তাহা হইলে প্রযোজ্য ক্ষেত্রে অর্থাৎ সর্বশেষ বক্সে টিক (√) চিহ্ন দিতে হইবে। |
| | NAME OF CORPORATE/ GROUP | প্রতিষ্ঠানটি যদি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ হয় তবে উক্ত কর্পোরেট অথবা গ্রুপের নাম স্পষ্টভাবে লিখিতে হইবে। |
| | COMPLETE BUSINESS ADDRESS | এই অংশে উক্ত কর্পোরেট অথবা গ্রুপের পূর্ণ ব্যবসায়িক ঠিকানা উল্লেখ করিতে হইবে। |
| 4. | TIN (If any) | করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা প্রযোজ্য ক্ষেত্রে, করযোগ্য প্রতিষ্ঠানের আয়কর বিভাগ প্রদত্ত TIN (যদি থাকে) উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রহিয়াছে, এক একটি ঘরে এক একটি |

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | | নম্বর লিখিতে হইবে। বিকল্প ব্যবস্থা হিসাবে জিআইআর নম্বর উল্লেখ করিতে হইবে। |
| 5. A. | ACTUAL VALUE (IN TK.) OF TURNOVER OF VATABLE GOODS/ SERVICES DURING LAST 12 MONTHS | এই অংশে আবেদনের তারিখ হইতে পূর্ববর্তী ১২ মাসের করযোগ্য পণ্যের মোট প্রকৃত বিক্রয়ের নিম্নরূপ তথ্য অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ– |
| | PERIOD FROM | যে সময়ের হিসাব দেওয়া হইতেছে উহার শুরুর তারিখ |
| | TO | যে সময়ের হিসাব দেওয়া হইতেছে তাহার শেষ তারিখ উল্লেখ করিতে হইবে (আবেদন পত্র দাখিলের তারিখ) |
| | (i) DOMESTIC SALES | ১২ মাসের করযোগ্য পণ্যের স্থানীয় বিক্রয়ের পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| | (ii) IMPORT | ১২ মাসে আমদানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| | (iii) EXPORT | উক্ত ১২ মাসে রপ্তানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| B. | EXPECTED VALUE (IN TK.) OF TURNOVER OF VATABLE GOODS/ SERVICES DURING NEXT 12 MONTHS | এই অংশে আবেদন ফরম দাখিলের তারিখ হইতে পরবর্তী ১২ মাসের আনুমানিক করযোগ্য বিক্রয়ের তথ্য লিখিতে হইবে, যথা ঃ– |
| | PERIOD FROM | পরবর্তী যে ১২ মাসের হিসাব দেওয়া হইতেছে উহা শুরুর তারিখ (আবেদনপত্র দাখিলের তারিখ) |
| | TO | পরবর্তী যে ১২ মাসের হিসাব দেওয়া হইতেছে তাহা শেষের তারিখ (আবেদনপত্র দাখিলের ১ বৎসর পরের তারিখ) |
| | (i) DOMESTIC SALES | পরবর্তী ১২ মাসের আনুমানিক স্থানীয় বিক্রয়ের পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | (ii) IMPORT | পরবর্তী ১২ মাসের আনুমানিক আমদানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| | (iii) EXPORT | পরবর্তী ১২ মাসের আনুমানিক রপ্তানির পরিমাণ (টাকায়) উল্লেখ করিতে হইবে। |
| 6. | IRC NO.<br>ISSUE DATE<br>ERC NO.<br>ISSUE DATE<br>EXEMPTED FROM IRC | পণ্য প্রস্তুতকারী, স্থানীয় বিক্রেতা বা সরবরাহকারী বা সেবা প্রদানকারী যদি আমদানি বা রপ্তানিকারক হন তবে তাঁহার আমদানি বা রপ্তানি নিবন্ধন সংখ্যা **(IRC /ERC)** এবং উহা জারীর বা নবায়নের তারিখ স্পষ্টভাবে লিখিতে হইবে। উল্লেখ্য, আই আরসি জারী বা নবায়নের তারিখ অনুযায়ী বৈধতার তারিখ ইতিমধ্যেই অতিক্রান্ত হইয়া থাকিলে মূসক নিবন্ধনের আবেদন গ্রহনযোগ্য হইবে না। আইআর সি গ্রহণের দায় থেকে অব্যাহতি থাকিলে উপযুক্ত বক্সে **(YES)** টিক (√) চিহ্ন দিতে হইবে। |
| 7. | TYPE OF ACTIVITY | আবেদনকারী করযোগ্য পণ্যের প্রস্তুতকারক হইলে '**A**' এর ডান পাশের বক্সে (√) চিহ্ন প্রদান করিতে হইবে। আবেদনকারী উৎপাদক বা আমদানিকারক বা শতভাগ রপ্তানিকারক না হইয়া কেবল স্থানীয় বিক্রেতা হইলে '**B**' এর ডান পার্শ্বের বক্সে (√) চিহ্ন প্রদান করিতে হইবে। আবেদনকারী ভ্যাট আইনের দ্বিতীয় তফসিলভুক্ত কোন সেবা প্রদানকারী হইলে তাহাকে '**C**' এর ডান পার্শ্বের বক্সে (√)চিহ্ন প্রদান করিতে হইবে।<br>আবেদনকারী শতভাগ রপ্তানিকারক (স্থানীয় বিক্রয় শূন্য) হইলে '**E**' এর ডান পার্শ্বের বক্সে (√) চিহ্ন প্রদান করিতে হইবে। |
| 8. | OTHER VAT REGISTRATION NO. (IF ANY) | বর্তমানে বা পূর্বে কোন সময় আবেদনকারীর অন্য কোন ভ্যাট রেজিস্ট্রেশন থাকিলে উহার নম্বর ও এলাকা কোড উল্লেখ করিতে হইবে। ভ্যাট রেজিস্ট্রেশন নম্বরের জন্যে ৮টি ঘর দেওয়া আছে। |

| ক্রমিক নম্বর | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| 9. | PREVIOUS TURNOVER ENLISTMENT NO. (IF ANY) | আবেদনকারী ইতিপূর্বে ভ্যাটের পরিবর্তে টার্ণওভার ট্যাক্স এর আওতায় তালিকাভুক্ত হইয়া থাকিলে উহার নম্বর ও এলাকা কোড উল্লেখ করিতে হইবে। |
| 10. | I DECLARE ... TRUE<br><br>TAX PAYER'S SIGNATURE<br>NAME ...............<br>(NAME AND DESIG-NATION WITH SEAL)<br>DATE | এই অংশে একটি ঘোষণা রহিয়াছে। করদাতা উক্ত ঘোষণার নিম্নে স্বাক্ষর প্রদান পূর্বক নীচে স্পষ্টাক্ষরে নাম ও তারিখ লিখিবেন এবং নিজ দাপ্তরিক সিলমোহর প্রদান করিবেন। |

<u>বিশেষ দ্রষ্টব্য</u>

আবেদনপত্রের সহিত ট্রেড লাইসেন্স এবং আয়কর বিভাগ প্রদত্ত TIN (ট্যাক্সপেয়ার্স আইডেন্টি-ফিকেশন নম্বর) সার্টিফিকেট এর সত্যায়িত কপি জমা দিতে হইবে।

(১৪) ফরম "মূসক-১৬" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১৬" প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

মূসক-১৬

## " ক্রয় হিসাব পুস্তক

(বিধি ২২(১) দ্রষ্টব্য)

পণ্য / সেবার উপকরণ ক্রয়

| তারিখ | ম উপব প্রারম্ভিক জের (পরিমাণ) | বিক্রেতার /সরবরাহকারীর | | | চালানপত্র/ বিল অব এন্ট্রি নং ও তারিখ | ক্রয়কৃত উপকরণের বিবরণ | ক্রয়কৃত উপকরণের পরিমাণ | ক্রয় মূল্য (সম্পূরক শুল্ক ও মূসক বাদে) | সম্পূরক শুল্ক (যদি থাকে) | মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম | ঠিকানা | নিবন্ধন নং | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্য**

১. উপকরণ বলিতে, সকল ক্ষেত্রে, শ্রম,ভূমি, ইমারত, অফিস যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকল প্রকার কাচাঁমাল, মোড়ক সামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশকে বুঝাইবে ঃ

তবে, ব্যবসায়ীর ক্ষেত্রে, বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যকে বুঝাইবে।

২. অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবা ক্রয়/বিক্রয়ের ক্ষেত্রে শুধুমাত্র মূল্য উল্লেখ করিতে হইবে। " ;

(১৫) ফরম "মূসক-১৭" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১৭" প্রতিস্থাপিত হইবে, যথাঃ –

মূসক-১৭

" **বিক্রয় হিসাব পুস্তক**

(বিধি ২২(১) দ্রষ্টব্য)

পণ্য / সেবার বিক্রয়

| তারিখ | উৎপাদিত পণ্যের সমাপনী জের (পরিমাণ) | ক্রেতার | | | চালান পত্রের নং ও তারিখ | সরবরাহ-কৃত পণ্যের বিবরণ | সরবরাহ-কৃত পণ্যের পরিমাণ | বিক্রয় মূল্য (সম্পুরক শুল্ক ও মূসক বাদে) | সম্পুরক শুল্ক (যদি থাকে) | মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নাম | ঠিকানা | নিবন্ধন নং | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

(১৬) ফরম "মূসক-১৬ক" ও ফরম "মূসক-১৭ক" বিলুপ্ত হইবে;

(১৭) ফরম " মূসক-১৯ " এর পর নিম্নরূপ নির্দেশিকা সংযোজিত হইবে, যথাঃ—

## " ফরম " মূসক-১৯ " পূরনের নির্দেশিকা

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | কর মেয়াদ | কর মেয়াদের মাস সংশ্লিষ্ট ঘরে মাসের নাম এবং বৎসর সংশ্লিষ্ট ঘরে বৎসরের নাম লিখিতে হইবে। |
| | করদাতা সনাক্তকরণ সংখ্যা | এই ঘরে নিবন্ধন নম্বর লিখিতে হইবে। |
| | নাম | নিবন্ধিত যে ব্যক্তির দাখিলপত্র পেশ করা হইতেছে তাহার নাম। |
| | ঠিকানা | নিবন্ধন পত্রে উল্লিখিত ঠিকানা অর্থাৎ উৎপাদন স্থল বা সেবা প্রদানের স্থান বা ব্যবসায়স্থল বা আমদানি-রপ্তানি ব্যবসা পরিচালনার স্থান উল্লেখ করিতে হইবে। |
| | কার্যক্রম কোড | সরবরাহকৃত পণ্য/সেবার কার্যক্রম কোড লিখিতে হইবে। |
| | এলাকা কোড | সংশ্লিষ্ট সার্কেলের এলাকা কোড লিখিতে হইবে। |
| | করমেয়াদে কোন ক্রয় বা বিক্রয় হয় নাই | সংশ্লিষ্ট করমেয়াদে কোন কর কার্যক্রম না হইয়া থাকিলে "√" চিহ্ন দিতে হইবে। |
| ১ | করযোগ্য পণ্যের নীট বিক্রয় | তৃতীয় কলামে সংশ্লিষ্ট কর মেয়াদে করযোগ্য পণ্যের মোট বিক্রয় মূল্য, চতুর্থ কলামে সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং পঞ্চম কলামে প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ (গ্রস) লিখিতে হইবে। |
| ২ | করযোগ্য সেবার নীট বিক্রয় | তৃতীয় কলামে করযোগ্য সেবার মোট বিক্রয় মূল্য, চতুর্থ কলামে সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং পঞ্চম কলামে প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। তবে উল্লেখ্য, যেই সকল পণ্য বা সেবার ক্ষেত্রে সংকুচিত মূল্যভিত্তি আছে, সেই সকল ক্ষেত্রে তৃতীয় কলামে করযোগ্য বিক্রয় মূল্যের পরিমাণ লিখিতে হইবে এবং উক্ত করযোগ্য মূল্যের উপরই সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর নিরূপিত হইবে। |

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| ৩ | করযোগ্য নীট বিক্রয় (সারি ১+২) | সারি-১ ও সারি-২ এর যোগফল সারি-৩ এর সংশ্লিষ্ট কলামে লিখিতে হইবে। |
| ৪ | শূন্যহারের পণ্য/সেবার বিক্রয় | সংশ্লিষ্ট করমেয়াদে কোন পণ্য বা সেবা রপ্তানিকৃত হইলে উক্ত পণ্যের/সেবার মোট বিক্রয় মূল্যের পরিমাণ উল্লেখ করিতে হইবে। |
| ৫ | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবার বিক্রয় | সংশ্লিষ্ট কর মেয়াদে অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবার মোট বিক্রয় মূল্যের পরিমাণ লিখিতে হইবে। |
| ৬ | মোট প্রদেয় কর (সারি ৩ হইতে SD+VAT) | ৩(তিন) নম্বর সারির চতুর্থ ও পঞ্চম কলামের যোগফল (অর্থাৎ প্রদেয় সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর) লিখিতে হইবে। |
| ৭ | অর্থদন্ড/জরিমানা | সংশ্লিষ্ট করমেয়াদে কোন অর্থদন্ড বা জরিমানা পরিশোধ করা হইলে তাহার পরিমাণ লিখিতে হইবে। |
| ৮ | অন্যান্য সমন্বয়করণ (প্রদেয়) | ভুলবশতঃ ইতিপূর্বে কোন রেয়াত গৃহীত হইলে বা অন্য কোন কারণে মূসক প্রদেয় হওয়ায় সংশ্লিষ্ট করমেয়াদে তা সমন্বয় করা হইলে সমন্বয়কৃত অর্থের পরিমাণ লিখিতে হইবে। |
| ৯ | সর্বমোট প্রদেয় (সারি ৬+৭+৮) | ৬, ৭ ও ৮ নং সারির যোগফল লিখিতে হইবে। |
| ১০ | নিবন্ধিত ব্যক্তি হইতে বাংলাদেশে প্রস্তুত করযোগ্য পণ্যের ক্রয় | কোন নিবন্ধিত প্রতিষ্ঠান হইতে বাংলাদেশে প্রস্তুতকৃত করযোগ্য পণ্য ক্রয় করা হইলে দ্বিতীয় কলামে মোট ক্রয় মূল্যের পরিমাণ এবং তৃতীয় কলামে মোট ক্রয়ের ক্ষেত্রে পরিশোধিত মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। |
| ১১ | নিবন্ধিত ব্যক্তি হইতে করযোগ্য সেবার ক্রয় | কোন নিবন্ধিত প্রতিষ্ঠান হইতে করযোগ্য সেবা ক্রয় করা হইলে দ্বিতীয় কলামে সেবার ক্রয় মূল্যের পরিমাণ এবং তৃতীয় কলামে উক্ত সেবা ক্রয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। |
| ১২ | করযোগ্য পণ্যের আমদানি/ আমদানিকারক হইতে ক্রয় | কোন করযোগ্য পণ্য সরাসরি আমদানি করা হইলে বা কোন আমদানিকারক হইতে সহায়ক চালানের মাধ্যমে ক্রয় করা হইলে দ্বিতীয় কলামে মোট |

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| | | ক্রয়মূল্যের পরিমাণ এবং তৃতীয় কলামে উক্ত পণ্য ক্রয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন করের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৩ | রপ্তানির ক্ষেত্রে অন্যান্য কর রেয়াত | সংশ্লিষ্ট কর মেয়াদে কোন পণ্য রপ্তানি করা হইলে উক্ত রপ্তানিকৃত পণ্যে যে পরিমাণ কাঁচামাল ব্যবহৃত হইয়াছে, সেই পরিমাণ কাঁচামালের উপর আমদানি পর্যায়ে প্রদত্ত আমদানি শুল্ক, সম্পূরক শুল্কের পরিমাণ লিখিতে হইবে। তবে, যদি উক্ত নিবন্ধিত ব্যক্তি সরাসরি ডেডো হইতে উক্ত রপ্তানির বিপরীতে প্রত্যর্পণ গ্রহণ করিতে চান, বা গ্রহণ করিয়া থাকেন, তবে সেই ক্ষেত্রে এই কলাম পূরণ করিতে হইবে না। |
| ১৪ | অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবার ক্রয় | সংশ্লিষ্ট করমেয়াদে কোন অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবা ক্রয় করা হইলে মোট ক্রয়মূল্যের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৫ | অনিবন্ধিত ব্যক্তি হইতে করযোগ্য পণ্য/সেবার ক্রয় | মূসক এর আওতায় নিবন্ধিত নহে এমন কোন প্রতিষ্ঠান হইতে কোন করযোগ্য পণ্য বা সেবা ক্রয় করা হইলে মোট ক্রয়মূল্যের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৬ | মোট রেয়াতযোগ্য কর (সারি ১০+১১+১২+১৩) | সারি ১০, ১১, ১২ ও ১৩ এর যোগফল কলাম ৩ এ লিখিতে হইবে। |
| ১৭ | অন্যান্য সমন্বয়করণ (রেয়াত/পাওনা) | ভুলবশতঃ ইতিপূর্বে রেয়াত নেওয়া হয় নাই অথবা সমন্বয়যোগ্য কোন পাওনা থাকিলে উক্ত অর্থের পরিমাণ লিখিতে হইবে। |
| ১৮ | পূর্ববর্তী মাসের জের | পূর্ববর্তী কর মেয়াদে চলতি হিসাব রেজিষ্টারের ৬নং কলামে বর্ণিত জের এর পরিমাণ লিখিতে হইবে। তবে, যেই ক্ষেত্রে চলতি হিসাব রাখার আইনগত বাধ্যবাধকতা নাই, সেই ক্ষেত্রে ইহা পূরণ করিতে হইবে না। |
| ১৯ | সর্বমোট রেয়াত (সারি ১৬+১৭+১৮) | সারি ১৬, ১৭ ও ১৮ এর যোগফল লিখিতে হইবে। |
| ২০ | নীট প্রদেয় (সারি ৯-সারি ১৯) | ৯ নং সারি হইতে ১৯ নং সারির বিয়োগফল লিখিতে হইবে। |

| ক্রমিক নং | পূরণের বিষয় | পূরণের নির্দেশিকা |
|---|---|---|
| ২১ | ট্রেজারীতে জমা | ট্রেজারীতে সংশ্লিষ্ট করমেয়াদে জমাকৃত অর্থের পরিমাণ লিখিতে হইবে। তবে উল্লেখ্য, প্রদেয় মূসকের পরিমানের চেয়ে রেয়াতযোগ্য মূসকের পরিমাণ বেশী হওয়ার কারণে যদি সংশ্লিষ্ট করমেয়াদে ট্রেজারীতে কোন জমা না করা হয়, তবে সেই ক্ষেত্রে এই কলামে কিছু লিখিতে হইবে না। |
| ২২ | পরবর্তী মাসের প্রারম্ভিক জের | সারি ২১ হইতে সারি ২০ এর বিয়োগফল লিখিতে হইবে। তবে, যেই ক্ষেত্রে রেয়াতযোগ্য মূসকের পরিমাণ প্রদেয় মূসকের পরিমানের চেয়ে বেশী হওয়ায় সারি ২১ এ কোন ট্রেজারী জমা থাকিবে না, সেই ক্ষেত্রে সারি ১৯ হইতে সারি ৯ এর বিয়োগফল সারি ২২ এ লিখিতে হইবে। |
| ২৩ | পরিদপ্তর হইতে প্রত্যর্পণ | সংশ্লিষ্ট করমেয়াদে ডেডো হইতে কোন প্রত্যর্পণ গৃহীত হইলে উহার পরিমাণ লিখিতে হইবে। |

এতদ্ব্যতীত, দাখিলপত্রের দ্বিতীয় পৃষ্ঠায় করদাতার জন্য প্রযোজ্য অংশে দাখিলপত্রের সঙ্গে প্রদত্ত সংযোজনীর সংখ্যা নির্দিষ্ট ঘরে লিপিবদ্ধকরণসহ চালানপত্রের সংখ্যা বিষয়ে ঘোষণা প্রদান করিতে হইবে এবং তারিখসহ স্বাক্ষর করিতে হইবে।

<u>বিশেষ দ্রষ্টব্যঃ</u> কোন পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তিকে দাখিলপত্রের কোন্ কোন্ অংশ পূরণ করিতে হইবে সে বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করা যাইতে পারেঃ

(১) শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ক্রমিক নং ৪, ৭ ও ৯ (প্রযোজ্য ক্ষেত্রে), ১০, ১১, ১২, ১৪, ১৫, ২১ (প্রযোজ্য ক্ষেত্রে) ও ২৩ পূরণ করিতে হইবে।

(২) শিপিং এজেন্টের ক্ষেত্রে ক্রমিক নং ২, ৩, ৬, ৭, ৯ ও ২০ পূরণ করিতে হইবে।

(৩) সম্পূর্ণভাবে উৎসে কর্তন করা হয় এমন সেবা প্রতিষ্ঠান যথাঃ- নির্মাণ সংস্থা, ইজারাদার, ইন্ডেন্টিং এর ক্ষেত্রে ক্রমিক নং ২, ৩, ৬, ৭, ৯, ২১ (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ করিতে হইবে।

(৪) ইটের ক্ষেত্রে ক্রমিক নং ১, ৩, ৬, ৭, ৯, ২১ পূরণ করিতে হইবে।

(৫) স্থানীয় পর্যায়ে ব্যবসায়ী কর্তৃক সরবরাহের ক্ষেত্রে ক্রমিক নং ১, ৬, ১০, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২ পূরণ করিতে হইবে। তবে যে সকল ব্যবসায়ী সংকুচিত

ভিত্তি মূল্যের উপর কর পরিশোধ করিবেন তাহাদের, স্বাভাবিক ক্ষেত্রে, শুধুমাত্র ক্রমিক নং ১,২০,২১ ও ২২ পূরণ করিতে হইবে।

(৬) যে সকল সেবা প্রদানকারী সংকুচিত মূল্যের ভিত্তিতে কর পরিশোধ করিবেন তাহাদের, স্বাভাবিক ক্ষেত্রে, ক্রমিক নম্বর ২, ২০ ও ২১ পূরণ করিতে হইবে।

(৭) যদি কোন নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠান একই নিবন্ধন নম্বরের বিপরীতে একই সঙ্গে পণ্য সরবরাহ বা সেবা প্রদান করিয়া থাকেন, তবে তাহাকে দাখিলপত্রের প্রযোজ্য সকল ঘরই পূরণ করিতে হইবে ; " বিশেষ দ্রষ্টব্য " উল্লিখিত নির্দেশনাসমূহ তাহার ক্ষেত্রে প্রযোজ্য হইবেনা।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ ডঃ মোঃ রফিকুল ইসলাম ]
প্রথম সচিব
মূসক নীতি নির্ধারণ ও বাজেট